

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৫৩(আগরতলা, ১৫।৫)
আমবাসা, ১৫ মে, ২০১৮

১৯ মে কর্মপাড়া ভিলেজে প্রশাসনিক শিবির

দূরবর্তী অঞ্চলের গরীব গ্রামবাসীদের বিনামূল্যে স্বাস্থ্য পরিষেবা ও প্রশাসনিক সুযোগ সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যে আগামী ১৯ মে গঙ্গানগর ব্লকের কর্মপাড়া এ ডি সি ভিলেজের কালাবাড়ী জে বি স্কুলে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। আমবাসা মহকুমা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই প্রশাসনিক শিবিরে তাৎক্ষণিক আবেদনের ভিত্তিতে এস টি সার্টিফিকেট, স্থায়ী বসবাসের প্রমাণ পত্র, বিবাহ নিবন্ধীকরণ পরিচয় পত্র ইত্যাদি প্রদান করা হবে। তাছাড়া, প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে এই শিবিরে গবাদী পশু-পাখির চিকিৎসা করে ঔষধ দেওয়া হবে। সংশ্লিষ্ট এলাকার জনগণকে এই শিবিরের সুযোগ গ্রহণ করার জন্য মহকুমা প্রশাসন থেকে অনুরোধ জানানো হয়েছে।
